

কিন্ডারগার্টেনে আবেদন পরবর্তী সপ্তাহে শুরু হচ্ছে!

প্রিয় পরিবারবর্গ,

আপনার 2018 সালে জন্মগ্রহণকারী কোনও সন্তান আছে কি? যদি হ্যাঁ হয়, তবে আপনি এই শীতে কিন্ডারগার্টেনের জন্য আবেদন করবেন! কিন্ডারগার্টেনে আবেদন পরবর্তী সপ্তাহে শুরু হবে।

একই আবেদনপত্রে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রামগুলোতে আবেদন করার জন্যও আপনার কাছে বিকল্প রয়েছে।

প্রস্তুতির জন্য এখন আপনি নিম্নলিখিত কাজগুলো করতে পারেন:

- আপনার সন্তানের জোনভুক্ত কিন্ডারগার্টেনের প্রোগ্রাম কোনটি তা খুঁজতে schoolsearch.schools.nyc সাইটে আপনার বাড়ির ঠিকানা ব্যবহার করুন। ডিস্ট্রিক্ট 1, 7, ও 23-এ কোনো জোনভুক্ত স্কুল নেই, এবং এই ডিস্ট্রিক্ট-এ বসবাসকারী শিক্ষার্থীদের ডিস্ট্রিক্টের সকল স্কুলে ভর্তির অগ্রাধিকার আছে।
- আমাদের অনুসন্ধানযোগ্য [মাইস্কুলস ডাইরেক্টরি](http://my.schools.nyc) -তে এলিমেন্টারি স্কুল অন্বেষণ করুন। আমাদের [ওয়েবসাইট](http://www.schools.nyc) -এ কিন্ডারগার্টেন ভিডিও ও প্লে লিস্ট দেখুন, যার মধ্যে রয়েছে কীভাবে অ্যাকাউন্ট তৈরি করতে হয় সেটা সহ বিভিন্ন [মাইস্কুলস](http://my.schools.nyc) টিউটোরিয়াল।
- ডাইরেক্টরি কীভাবে ব্যবহার করতে হয় তা জানুন। আপনার ঠিকানা এবং আপনার প্রয়োজনসমূহের ভিত্তিতে ফিল্টার ব্যবহার করে আপনি আপনার কাছাকাছি প্রোগ্রাম অপশন বা বিকল্পসমূহ খুঁজতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি দেরিতে নিয়ে যাওয়ার (লেট পিকআপ) সুযোগদানকারী প্রোগ্রামের জন্য ফিল্টার ব্যবহার করতে পারেন।
- স্কুল ওপেন হাউসগুলোতে যোগ দিন! স্কুলগুলো অনলাইনে কিংবা সশরীরে পরিদর্শন করা, সেখানে পড়াশোনা করতে কেমন লাগবে তা কল্পনা করার একটি উত্তম পন্থা। প্রতিটি প্রোগ্রামের [মাইস্কুলস](http://my.schools.nyc) পেজে [ওয়েবসাইট](http://www.schools.nyc) তালিকাভুক্ত থাকে, অথবা তারা কোনো ভার্সুয়াল বা সশরীরে অংশগ্রহণের অনুষ্ঠান আয়োজন করবে কিনা, তা জানতে সরাসরি তাদের সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনি আমাদের নতুন [মাইস্কুলস ইভেন্টস ক্যালেন্ডার](http://my.schools.nyc) ব্যবহার করে অনুষ্ঠানসমূহ দেখতে ও আপনার ক্যালেন্ডারে সেভ করতে পারবেন।

যেসকল নিউ ইয়র্ক সিটির পরিবারে 2018 সালে জন্মগ্রহণকারী শিশু রয়েছে তাদের আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

এমনকি আপনার সন্তান বর্তমানে কোনও প্রি-K প্রোগ্রামে পড়ায় থাকলেও আপনাকে কিন্ডারগার্টেনে আবেদন করতে হবে।

যদি আপনি আপনার আবেদনে G&T প্রোগ্রামসমূহকে তালিকায় রাখেন, আবেদন করা শেষ হলে যোগ্যতা নির্ধারণ করা হবে।

DOE/ডিস্ট্রিক্ট স্কুল, প্রি-K সেন্টার, NYC আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC), অথবা চার্টার স্কুলের বর্তমান প্রি-K শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান প্রি-K শিক্ষকগণ মূল্যায়ন করবেন। প্রাইভেট অথবা ধর্মীয় (প্যারোকিয়াল) স্কুলের বর্তমান প্রি-K শিক্ষার্থীদের, অথবা যেসব শিক্ষার্থী এখনও স্কুলে ভর্তি হয়নি তাদের যোগ্যতা নির্ধারণে সাক্ষাৎকার সময়সূচি করার জন্য ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন যোগাযোগ করবে।

আরও জানতে চান? আমাদের [কিন্ডারগার্টেন অ্যাডমিশনস ওয়েবসাইট](http://www.schools.nyc) ভিজিট করুন। আমরা আবেদন প্রক্রিয়া জুড়ে একের পর এক অনেকগুলো হালনাগাদ সংবাদ ও স্মারক পাঠাতে থাকবো।



এখনো প্রশ্ন আছে? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,
এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের কিভারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবস্ক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।